বেকার জীবন যে
কি ভয়াবহ
তাহা একমাত্র
ভুক্তভোগীরাই জানেন
স্বাধীনভাবে বাড়ীতে ব'সে মাসে ১৫০্
টাকা হইতে ২০০্ টাকা রোজগার করুন।
গরীবদের জন্য বিশেষ ব্যবস্থা আছে।
বহরমপুর টেলারিং স্কুল
২৯, বাবুলবোনা রোড ( খাইকানন )
পোঃ বহরমপুর, মুর্শিদাবাদ।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

বহরমপুর এক্সরে ক্লিনিক
জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সম্ভব কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫৪শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৮ই বৈশাখ বুধবার, ১৩৭৫ ইং 1st May 1968 | ৪৮-শ সংখ্যা


সকল ঘরের তরে...
দীপ্তি লণ্ঠন
ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

রান্নায় আনন্দ
এই কেরোসিন কুকারটির অভিনব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।
রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া ও ঝাকায় ঘরে ঘরে ঝুলও ভরবে না।
জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।
• ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
• স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
• যে কোনো অংশ সহজলভ্য।

খাস জনতা
কেরোসিন কুকার
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লি

এই তো খেলার দিন—
ফুটবল, বুট, র‍্যাকেট, হোস্
উল ও প্রসাধন সামগ্রী ইত্যাদি পাওয়া যায়।
পরীক্ষা প্রার্থনীয়।
কর্ম্মাধ্যক্ষ—খেলা ঘর
রঘুনাথগঞ্জ চাউলপটী, মুর্শিদাবাদ

স্টুডেন্টস ফেভারিট
স্কুল, কলেজ ও পাঠাগারের
মনের মত ভাল বই
সবচেয়ে সুবিধায় কিনুন।
STUDENTS' FAVOURITE
Phone—R.G.G. 44.

অনিবার্য্য কারণে ১১ই বৈশাখের 'জঙ্গিপুর সংবাদ' প্রকাশিত হয় নাই। —জং সং

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১৮ই বৈশাখ বুধবার সন ১৩৭৫ সাল।

# দা'ঠাকুর

রূপ **১৩ই বৈশাখ** অরূপ



দা'ঠাকুরের ভাষায় মৃত্যু "পেনালটি কিক।" সেই পেনালটির গোল এতদিন পর হইল। দীর্ঘ ৮৭ বৎসর ধরিয়া দাদাঠাকুর—শ্রীশরৎচন্দ্র পণ্ডিত মহাশয় বাংলার মাটি, বাংলার ঐতিহ্য মনেপ্রাণে বহন করিয়া আসিতেছিলেন অটুট শ্রদ্ধায়; গত ১৩ই বৈশাখ সকাল ৮-৮ মিঃ গ্রাম-বাংলার অকুল শূন্য করিয়া তিনি অমরধামে প্রস্থান করিয়াছেন। এক মহান্ কর্মবীরের জীবনদীপ নির্বাপিত হইল। শুধু কর্মবীর বলা যথেষ্ট নয়, দা'ঠাকুর হইয়া উঠিয়াছিলেন এক জীবন্ত কিংবদন্তী।

১২৮৮ সালের ১৩ই বৈশাখ বীরভূম জেলার ভদ্রপুর গ্রামের সন্নিকটে সিমলান্দী গ্রামে মাতুলালয়ে তাঁহার জন্ম হয়। শৈশবেই তিনি মাতাপিতা হারাইয়া মুর্শিদাবাদ জেলার দফরপুর গ্রামে পিতৃব্যের নিকট লালিতপালিত হন। তাঁহারই স্নেহ ও কঠোর শাসনের মধ্য দিয়া তাঁহার শিক্ষাজীবন কাটে।

১৩১০ সালে দফরপুর গ্রামে পণ্ডিত-প্রেস স্থাপন করিয়া তিনি কর্মজীবন শুরু করেন। তখন জঙ্গিপুর মহকুমা শহরে কোন প্রেস ছিল না। তিনি নিজের হাতেই মুদ্রণের যাবতীয় কাজ করিতেন। ১৩১৮ সালে রঘুনাথগঞ্জে আসিয়া বসবাস করিতে থাকেন এবং তাঁহার সম্পাদনা ও প্রকাশনায় ১৩২১ সালের ৬ই জ্যৈষ্ঠ 'জঙ্গিপুর সংবাদ' নামক সাপ্তাহিক পত্রিকা আত্মপ্রকাশ করে। সেই অবধি 'জঙ্গিপুর সংবাদ' মহকুমার একমাত্র সাপ্তাহিক পত্রিকা হিসাবে নিরবচ্ছিন্নভাবে জনগণের সেবা করিয়া আসিতেছে।

কর্মবিমুখ যাহারা, দা'ঠাকুরের ইতিবৃত্ত ও নিরলস কর্মপ্রচেষ্টা তাহাদের শিক্ষার বিষয় হওয়া উচিত। ১৩২৯ সালে তাঁহার ব্যঙ্গাত্মক পত্রিকা 'বিদূষক' বাহির করেন। কলিকাতার রাস্তায় রাস্তায় তিনি স্বরচিত 'বোতল পুরাণ' ফিরি করিতেন। দারিদ্র্যের সঙ্গে চরম জেহাদ ঘোষণা করিয়াছিলেন তিনি। তাঁহার লেখনী বহুধারায় সঞ্চারিত হইতে থাকে। টাকার অষ্টোত্তর শতনাম, গ্রাজুয়েট স্বয়ংবর, বোতল পুরাণ, ভোটামৃত, পদ্মবন্ধে নেতাজীর প্রতি শ্রদ্ধার্ঘ্য, কলিকাতার ভুল প্রভৃতি এবং অন্যান্য বহু কবিতায় ও গানে এই মানুষটি সমাজের বিভিন্ন কুশ্রীতা, অনাচারকে তীব্র কশাঘাত করিয়াছিলেন। দা'ঠাকুর বিবাহে পণপ্রথার ঘোর বিরোধী ছিলেন। সরকারী কর্মচারীদের জুলুমবাজীর যোগ্য মোকাবিলা তিনি করিয়াছিলেন। তেলেভাজা বিক্রেতা কার্তিক সাহাকে জঙ্গিপুর মিউনিসিপ্যালিটির কমিশনার নির্বাচন করান তাঁহার এক বিরাট কীর্তি। তাঁহার পরিচালনায় একটি শবসৎকার দল ছিল যাহারা জাতির বিচার না করিয়া মৃতদেহের সৎকার করিত।

যে কর্মনিষ্ঠার অভাব আজ দেশের সর্বস্তরে পরিলক্ষিত হয়, দা'ঠাকুর ছিলেন তাহার জীবন্ত প্রতিবাদ। কখনও বন্যার জল উপেক্ষা করিয়া, কখনও দীর্ঘ পথ পদব্রজে গিয়া ঠিক সময়ে বিদ্যালয়ের পরীক্ষার প্রশ্নপত্র দিয়া আসিতেন। আপন দৃঢ় পুরুষকার বলেই তিনি বাংলার জনমানসে এক বিশিষ্ট স্থান লাভ করিয়াছিলেন। অল ইণ্ডিয়া রেডিওর কলিকাতা কেন্দ্রের ছোটদের আসরে ও পল্লীমঙ্গল আসরে তিনি পনের বৎসরকাল নিয়মিত বক্তা ছিলেন। তাঁহার রসসমৃদ্ধ আলোচনায় তিনি শ্রোতাদের চমৎকৃত করিতেন।

এই অনাড়ম্বর মানুষটি বহু বিশিষ্ট ভারতীয় মনীষীর প্রত্যক্ষ সান্নিধ্যে আসিয়াছিলেন। মতিলাল নেহরু, পণ্ডিত মদনমোহন মালব্য, লালা লাজপৎ রায়, দেশবন্ধু চিত্তরঞ্জন, মহম্মদ আলি জিন্না, দেশপ্রিয় যতীন্দ্রমোহন, রসরাজ অমৃতলাল বসু, স্যর আশুতোষ মুখোপাধ্যায়, কবি অতুলপ্রসাদ সেন, জলধর সেন, শ্রীঅরবিন্দ, দ্বিজেন্দ্রলাল রায়, বিপ্লবী উপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বারীন ঘোষ, নেতাজী সুভাষচন্দ্র, শরৎচন্দ্র চট্টোপাধ্যায়, রবীন্দ্রনাথ, সজনীকান্ত দাস, কাজী নজরুল, বিবেকানন্দ মুখোপাধ্যায়, বাংলার প্রাক্তন রাজ্যপাল হরেন্দ্রকুমার মুখোপাধ্যায় প্রভৃতি বিশিষ্ট রাজনীতিবিদ, চিন্তানায়ক, কবি সাহিত্যিক ছাড়াও অনেক রাজা-মহারাজা তাঁহার গুণগ্রাহী ছিলেন।

'দাদাঠাকুর' খ্যাত ছায়াছবি ভারতবর্ষের কোন মানুষের জীবদ্দশাতে এই প্রথম চলচ্চিত্রায়িত জীবনী-চিত্র। ছবিটি রাষ্ট্রীয় পুরস্কার পাইয়াছিল।

কথার যাদুকর দা'ঠাকুরের উপস্থিত বুদ্ধি ও তীক্ষ্ণ মেধা সকলকে বিস্মিত করিয়া দিত। ইংরাজ কর্মচারীরা ভারতবর্ষে আসিয়া ধনবান হইয়া স্বদেশে ফিরিতেন। দা'ঠাকুরের মতে ইহারা 'Rich' অর্থাৎ ধনী হইবার মন্ত্র জানিতেন। তাহা হইতেছে Rob India Come Home (প্রতি শব্দের আদ্য অক্ষর একত্রে Rich শব্দ হয়)। ইংরাজ কর্মচারীর সামনে বলিলেন ইংরেজ জার্মানীর যুদ্ধে জিতিবে জারমানি। রুষ্ট ইংরাজ প্রভু অতঃপর শুনিলেন

জিতিবে 'যার মানি' (money)। তিনি বলিতেন Teacher এবং Cheater একই বর্ণগুলির ওলট-পালট মাত্র।

নির্ভীক, স্পষ্টবাদী, তেজস্বী, অনাড়ম্বর, দারিদ্র্যে মহান্, কর্তব্যনিষ্ঠ, পুরুষকারবিশ্বাসী, অক্লান্ত সমাজ-সেবী দা'ঠাকুরের কণ্ঠ নীরব ও লেখনী স্তব্ধ। আমরা তাঁহার অমর আত্মার প্রতি ভক্তিশ্রদ্ধা নিবেদন করিতেছি।

---

## শ্রদ্ধার্ঘ্য

মাটির এ পৃথিবীতে এসেছিলে ১৩ই বৈশাখ
পুনঃ সেই ১৩ই বৈশাখ, নিয়ে গেল দিয়ে ডাক।
তব পুণ্য জন্মদিন, মৃত্যুদিন মাঝে হ'লো
একাকার
বীররূপে আপনারে করিয়া প্রচার
হাসিমুখে গেলে স্বর্গপুর
বাঙালীর বরণীয় হে দাদাঠাকুর!
ধনীর দীনতা হেরি ছিল তব ভয়
দীনতার বেশ ধরি দীনতারে করিয়াছ জয়।
হাসিভরা মুখে দারিদ্র্যের সাথে করিয়াছ রণ
তীব্র কশাঘাতে অচেতন সমাজেরে
করেছ চেতন।
মূঢ় অহংকৃত নরে করেছ বিনয়ী
কটিবস্ত্র নগ্নপদে তুমি চির জয়ী।
ওগো রসরাজ,
রসের সমুদ্রে অবগাহি করে গেছ কাজ
তেজোদৃপ্ত হাসিভরা মুখে
বিচলিত হও নাই কভু কোন দুখে।
শোকে কভু হওনি উতলা
জেনেছিলে এ দুনিয়া শুধু পান্থশালা।
বঙ্গ জননীর কোল শূন্য করি
গেলা চলি কোন পুণ্যধামে
বিলাসী বাঙালী জাতি জাগিবে আবার
তব পুণ্য নামে।
যাবার বেলায় আশীর্ব্বাদ দিয়ে যাও মাথে
যেন তব পদচিহ্ন ধরি চলি তব পথে।
অফুরন্ত স্নেহ ভালবাসা পেয়েছি তোমার
তাই তোমার প্রয়াণে দিনু শ্রদ্ধার্ঘ্য আমার।

—অমরনাথ রায়

---

# সাহিত্যাকাশের শরৎচন্দ্র চিরতরে অস্তমিত

গত ১৩ই বৈশাখ শুক্রবার প্রাতে 'পণ্ডিত-প্রেস' ও 'জঙ্গিপুর সংবাদ' সাপ্তাহিক পত্রিকার প্রতিষ্ঠাতা সর্ব্বজনবিদিত শরৎচন্দ্র পণ্ডিত মহাশয় নশ্বর মানবদেহ পরিত্যাগ করিয়া সাধনোচিত-ধামে গমন করিয়াছেন। সেই দিনই সন্ধ্যার ও রাত্রি দশ ঘটিকায় 'বেতার বার্ত্তায়' এই নিদারুণ দুঃসংবাদ দেশময় প্রচারিত হয়। পরদিন আনন্দবাজার পত্রিকা, যুগান্তর, বসুমতী, অমৃতবাজার পত্রিকা, হিন্দুস্থান ষ্ট্যাণ্ডার্ড, ষ্টেটস্‌ম্যান প্রভৃতি বিখ্যাত দৈনিক পত্রিকা পরলোকগমন সংবাদ তাঁহার বিভিন্ন সদ্‌গুণাবলীর পরিচয় সহ প্রকাশ করেন। বাংলার বহু ভদ্রমহোদয় ও মহিলাগণ এবং ছাত্র-ছাত্রীবৃন্দ তাঁহাদের পত্রে সহানুভূতি সূচক সমবেদনা জ্ঞাপন করিয়াছেন।

**পরম কারুণিক ভগবান তাঁহার পরলোকগত আত্মার চিরশান্তি বিধান করুন।**

---

## *দাদাঠাকুরের মহাপ্রয়াণে শ্রদ্ধার্ঘ্য*

শ্রীপশুপতি চট্টোপাধ্যায়

ছবির দাদাঠাকুরকে কিছুদিন আগে আমরা হারিয়েছি কিন্তু জীবন্ত দাদাঠাকুর আমাদের মধ্যে ছিলেন—তাঁকে আজ আমরা চিরকালের মত হারালাম। মৃত্যু সব সময়ের জন্য মানুষকে শোকার্ত্ত করে তবে দাদাঠাকুরের মৃত্যুতে দুঃখ কি শোক করার কিছু নেই। ভরা সংসার সাজিয়ে রেখে পরিণত বয়সে মহাপ্রস্থানের পথে প্রস্থান করেছেন তবুও তাঁর বিয়োগ-ব্যথা মনকে ব্যথিত করে তুলছে। প্রতি কথায় কথায় তিনি যে হাস্যরসের সৃষ্টি করতেন তা আর শুনতে পাবনা বলেই এই ব্যথা।

সদাহাস্যময় নিরহংকার দাদাঠাকুর দারিদ্র্যকে এমনভাবে জয় করেছিলেন যে অভাব বলতে তাঁর কিছুই ছিল না। অনাড়ম্বর জীবনযাপন করা তাঁর মূলমন্ত্র ছিল। একটি মাত্র উত্তরীয় সম্বল করে কি ধনী কি নির্ধনী এমন কি লাট দরবারে যেতে কোন দিনই দ্বিধা করেন নি। সামান্য তুচ্ছ কথার মধ্য দিয়ে তিনি যে হাসির ফোয়ারা সৃষ্টি করতে পারতেন তার তুলনা হয় না। তাঁর চরিত্রের বলিষ্ঠতা ও নির্ভীকতার জন্য তিনি সকলের প্রিয়পাত্র ছিলেন।

দীর্ঘকাল ধরে তিনি বেতার শিল্পী ছিলেন। দাদাঠাকুর নামে তিনি সেই সময় পরিচিতি লাভ করেন যার ফলে তাঁর আসল নাম শরৎ পণ্ডিত ভুলে গিয়ে সকলে দাদাঠাকুর বলে ডাকতে আরম্ভ করেন। তিনি একাধারে সাংবাদিক, হাস্যরসিক, সমাজ-সংস্কারক ও সুসাহিত্যিক ছিলেন। যে কোন ভাষায় তিনি গান কি ছড়া মুহূর্ত্তের মধ্যে রচনা করতে পারতেন। জীবন্ত মানুষের জীবনী নিয়ে রূপালী পর্দ্দায় ছবি বোধ হয় দাদাঠাকুর প্রথম।

তাঁর দুই পুত্র, চারি কন্যা ও স্ত্রী বর্ত্তমান—তাঁদের এই শোকে সমবেদনা জ্ঞাপন করে পরলোকগত আত্মার প্রতি শ্রদ্ধা নিবেদন করছি।

---

## *চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত*

মোকর্দ্দমা নং ৪৩২/৬৭ অন্য

বাদী—শ্রীমঙ্গল মাঝি দিং

বিবাদী—মহেশাইল, ভাবকী, ধলারামচন্দ্রপুর, কুন্দলিয়া, শ্রীরামপুর, সর্ব্বেশ্বরপুর, কয়াডাঙ্গা, আজাদনগর, মহেন্দ্রপুর গ্রামের কৃষকগণ পক্ষে আবদুল সুকুর বিশ্বাস দিং

যেহেতু উক্ত নং মোকর্দ্দমায় বাদীপক্ষ বিবাদীপক্ষের বিরুদ্ধে থানা সুতি মৌজে মহেশাইল মধ্যে ৩৮৭৫নং দাগের পুকুরে যাহাতে বিবাদীপক্ষ পাট পচান দিতে বা কোন প্রকার আবর্জ্জনা সৃষ্টি করিতে বা বাদীপক্ষের মৎস্য চাষে কোন প্রকার বিঘ্ন সৃষ্টি করিতে না পারে এই প্রার্থনায় অত্র আদালতে মোকর্দ্দমা স্থাপন করিয়াছেন সেকারণ এতদ্দ্বারা জানান যায় যে বিবাদীগণ মধ্যে কাহারও এ সম্বন্ধে আপত্তি থাকিলে তাঁহারা বা তাঁহাদের মধ্যে যে কেহ আগামী ১৩।৫।৬৮ তারিখ মধ্যে জবাব দাখিলে মোকর্দ্দমা চালাইতে পারেন অন্যথায় মোকর্দ্দমা তাহাদের অসাক্ষাতে বিচার হইবে। ইতি—

তারিখ ১৯।৪।৬৮

By order of the Court
Sd/- B. B. Ghosh, Sharistadar,
Munsif's 1st Court, Jangipur.

